

বিজ্ঞপ্তি নং -ফায়ার এ্যান্ড সেফটি/৫৩/২০২৩

তারিখ :- ১৫ মার্চ, ২০২৩

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয় : এয়ার কন্ডিশন (এসি) এবং গ্যাসের লাইনে বিস্ফোরণ রোধে জরুরী ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত বিজ্ঞপ্তি ।

প্রিয় সহকর্মী,

সাম্প্রতিক কয়েকটি স্থানে সংঘটিত বিস্ফোরণে বেশ কিছু প্রানহানীর ঘটনায় বিজিএমই'র দৃষ্টি আকর্ষিত হয়েছে এবং গভীর উদ্বেগ প্রকাশ করেছে। অধিকাংশ ক্ষেত্রেই ভবনে ব্যবহৃত এয়ার কন্ডিশন ও গ্যাসলাইনে এ বিস্ফোরণসমূহ ঘটছে বলে ধারণা করা হচ্ছে। যেহেতু পোশাক শিল্পকারখানাসমূহে এয়ার কন্ডিশন এবং গ্যাসের ব্যবহার রয়েছে, সেহেতু বিষয়টি নিয়ে বিজিএমইএ উদ্বিগ্ন। পোশাক শিল্প কারখানায় অধিক সংখ্যক শ্রমিক/কর্মচারী কর্মরত থাকায় এ ধরনের দুর্ঘটনায় শ্রমিক/কর্মচারী হতাহতের ঝুঁকি রয়েছে। শীত মৌসুম চলে যাওয়ার পরে প্রকৃতির তাপমাত্রা বৃদ্ধির সাথে সাথে এসি'র ব্যবহারও বৃদ্ধি পাচ্ছে। কিন্তু বেশ কিছু দিন বন্ধ থাকার পরে হঠাৎ এসি ব্যবহার করার ক্ষেত্রে সতর্ক না হলে বড় ধরনের বিস্ফোরণ এবং হতাহতের ঘটনা ঘটতে পারে। এছাড়াও কারখানায় ব্যবহৃত বয়লার এবং গ্যাসের লাইন থেকেও বিস্ফোরণের ঘটনা ঘটতে পারে। তাপমাত্রা বৃদ্ধি পাওয়ার সাথে সাথে এ ঝুঁকি আরও বেড়ে যাচ্ছে। তাই এ ধরনের অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনা এড়াতে কারখানা এবং কর্মস্থলে এসি, বয়লার ও গ্যাস ব্যবহারের ক্ষেত্রে নিম্নলিখিত সতর্ককতা অবলম্বন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে :

- ১। প্রতিটি এসি ব্যবহারের পূর্বে অভিজ্ঞ টেকনিশিয়ান দ্বারা পরীক্ষা করে নেয়া। প্রয়োজনে উপযুক্ত সার্ভিসিং করিয়ে ব্যবহার শুরু করা।
- ২। এসি ব্যবহারের ক্ষেত্রে সঠিক মানসম্মত বৈদ্যুতিক তার ব্যবহার করা এবং কোন ক্রমেই এর্সটেনশন কর্ড ব্যবহার না করা। এসি'র সাথে সঠিক মানের সার্কিট ব্রেকার ব্যবহার করা।
- ৩। এসির কনডেন্সার ও ফিল্টার নিয়মিত পরিষ্কার করা।
- ৪। এসির কম্প্রেশোরে হাই টেম্পারেচার ও প্রেশার নিয়মিত পরীক্ষা করা।
- ৫। এসির ভিতরের পাইপে কোথাও লিকেজ আছে কি না তা পরীক্ষা করা।
- ৬। কম্প্রেশোরে প্রয়োজনীয় রেফ্রিজারেন্ট আছে কি না তা পরীক্ষা করা এবং লিমিটের চেয়ে বেশী রেফ্রিজারেন্ট চার্জ না করা। অবশ্যই সঠিক পদ্ধতিতে সঠিক রেফ্রিজারেন্ট ব্যবহার করা।
- ৭। কক্ষের আয়তন অনুযায়ী সঠিক পরিমানের (টন) এসি ব্যবহার করা এবং এসি চলাকালীন সময়ে দরজা-জানালা বন্ধ রাখা।
- ৮। এসির কাজে নিম্ন মানের তার, ওয়্যারিং, প্লাগ, সকেট ইত্যাদি ব্যবহার না করা। পাশাপাশি ভোল্টেজ ওঠা-নামা করা, ঝড়, প্রচন্ড বিদ্যুৎ চমকানো ও বজ্রপাতের সময় অথবা কোন অযাচিত শব্দ (Unwanted Noise) হলে অবশ্যই সাথে সাথে এসি বন্ধ করে দেয়া।
- ৯। নতুন এসি ক্রয়ের ক্ষেত্রে অবশ্যই বিশ্বস্ত ও নির্ভরযোগ্য ব্র্যান্ডের এসি ক্রয় করা।

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশে তৈরি •

চলমান পাতা-২

পাতা-০২

বয়লার ব্যবহারের ক্ষেত্রে নিম্নলিখিত সতর্কতা অবলম্বন করা :

- ১। বয়লারের সাথে বিদ্যুৎ ও গ্যাসের সংযোগ ও লাইনসমূহ নিয়মিত অভিজ্ঞ টেকনিশিয়ান দ্বারা পরীক্ষা করা।
- ২। বয়লারের সকল ইনলেট ও আউটলেট নিয়মিত চেক করা।
- ৩। বয়লারে ব্যবহৃত গ্যাসের প্রেশার সঠিক মাত্রায় রাখার ব্যবস্থা করা।
- ৪। অবিলম্বে ত্রুটিপূর্ণ ও মেয়াদোত্তীর্ণ বয়লার পরিবর্তন করা।
- ৫। নতুন বয়লার ক্রয়ের ক্ষেত্রে বিশ্বস্ত ও নির্ভরযোগ্য বয়লার ক্রয় করা।
- ৬। কারখানায় ব্যবহৃত সব ধরনের বয়লার অভিজ্ঞ ও প্রশিক্ষণপ্রাপ্ত অপারেটর দ্বারা পরিচালনা করা।

কারখানা ও অফিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জীবন ও মালামালের নিরাপত্তার কথা বিবেচনা করে উপরোল্লিখিত নিরাপত্তামূলক ব্যবস্থাসমূহ গ্রহন করার জন্য আপনাদের বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। এ বিষয়ে আপনাদের সহযোগিতা একান্তভাবে কাম্য।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি।

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •